

দ্রুত শাবিপ্রবির উন্নতি দেখতে চান শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক >

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ গতকাল শুক্রবার বিকেলে তাঁর সরকারি বাসভবনে মিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মো. আমিনুল হক ভূঞাকে ডেকে নিয়ে কথা বলেছেন। মন্ত্রী দ্রুত সময়ে বিশ্ববিদ্যালয়ের বর্তমান পরিস্থিতির দৃশ্যমান উন্নতি দেখতে চান বলে উপাচার্যকে জানিয়েছেন। এ বিষয়ে উপাচার্য বিশ্ববিদ্যালয়ের সার্বিক শান্তিময় পরিবেশ উন্নয়নের লক্ষ্যে সর্বাঙ্গিক প্রচেষ্টা চালাবেন বলে মন্ত্রীকে আশ্বস্ত করেছেন। শিক্ষামন্ত্রী শাবিপ্রবির আন্দোলনরত শিক্ষকদের উত্থাপিত নানা অভিযোগ সম্পর্কে উপাচার্যের বক্তব্য শোনেন। তিনি তাঁকে ঐতিহ্যবাহী এ বিশ্ববিদ্যালয়ের সুনাম, সম্মান, ভাবনূর্তি ও শিক্ষার শান্তিপূর্ণ পরিবেশ বহুমত রাখার লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের অভিভাবক হিসেবে সবাইকে নিয়ে চলার পরামর্শ দেন। শির্গাণিরই এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক প্রতিনিধিদের সঙ্গেও মন্ত্রী আবারও আলোচনা করবেন বলে জানা গেছে। উপাচার্যের সঙ্গে আলোচনার সময় মন্ত্রীর সঙ্গে শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব হেলাল উদ্দিন, ড. অরুণা বিশ্বাস, চৌধুরী নুফাদ আহমেদসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা